

নং- ১৭.০০.০০০০.০৪০.১৭.০১৬.১৯-২৮০

তারিখ: ২৭ ডিসেম্বর, ২০২০

সংবাদ বিজ্ঞপ্তি


আগামীকাল পৌরসভা সাধারণ নির্বাচনের প্রথম ধাপে ২৪টি পৌরসভার নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে সকল প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। সকল পৌরসভায় ইভিএম- এ ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। সকাল ৮:০০ টা হতে বিকেল ৪:০০টা পর্যন্ত বিরতিহীনভাবে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

০২। নির্বাচনের জন্য নির্বাচনি এলাকার যে সকল শিক্ষা প্রতিষ্ঠান ও স্থাপনায় ভোটকেন্দ্র হিসাবে বা নির্বাচনি কার্যক্রমের জন্য নির্ধারণ করা হয়েছে সেসকল প্রতিষ্ঠান বা স্থাপনা বন্ধ ঘোষণা করা হয়েছে। ২৬ ডিসেম্বর ২০২০ দিবাগত মধ্যরাত হতে ২৯ ডিসেম্বর ২০২০ তারিখ সকাল ৬:০০ টা পর্যন্ত নির্বাচনি এলাকায় মোটর সাইকেল চলাচল বন্ধ ঘোষণা করা হয়েছে। এছাড়া ২৭ ডিসেম্বর ২০২০ দিবাগত মধ্যরাত হতে ২৮ ডিসেম্বর ২০২০ তারিখ মধ্যরাত পর্যন্ত নির্বাচনি এলাকায় ট্রাক ও পিক আপ চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। জরুরী প্রয়োজনের গাড়ী এবং হাই-ওয়ে এ নিষেধাজ্ঞার বাইরে থাকবে।

০৩। সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষভাবে নির্বাচন অনুষ্ঠানের জন্য পর্যাপ্ত আইন-শৃঙ্খলা রক্ষাকরী বাহিনীর সদস্য মোতায়েন করা হয়েছে। এছাড়া প্রয়োজনীয় সংখ্যক ম্যাজিস্ট্রেট নিয়োগ করা হয়েছে।

০৪। মোট প্রতিদ্বন্দী প্রার্থী- ১১৬০ জন। এর মধ্যে মেয়র পদপ্রার্থী- ৯৩ জন, সংরক্ষিত আসনের কমিশনার পদপ্রার্থী- ২৬৬ জন এবং সাধারণ আসনের কমিশনার পদপ্রার্থী- ৮০১ জন। মোট ভোটার- ৬,২৪,৮০৭ জন। এর মধ্যে পুরুষ ভোটার- ৩,০৭,০৩৭ জন এবং মহিলা ভোটার- ৩,১৭,৭৭০ জন।

পৌরসভা	মোট ভোটকেন্দ্র	মোট পুলিশ সদস্য	মোট আনসার সদস্য	র্যাবের টিম	বিজিবি	মোবাইল ফোর্স	স্ট্রাইকিং ফোর্স
২৪টি	৩১৯	১২৭৬ জন	২৮৭১ জন	৭২টি	৫০ প্লাটুন	৭২টি	২৪টি


(এস এম আসাদুজ্জামান)
যুগ্মসচিব
ও
পরিচালক (জনসংযোগ)
ফোন: ৫৫০০৭৫২০